'শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি'

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
দিরাই উপজেলা পরিষদ
সুনামগঞ্জ জেলা।

# জানুয়ারি/২০২৩ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের সাধারণ সভার কার্যবিবরণী (৪৪ তম সভা)

সভাপতি : জনাব মোঃ মঞ্জুর আলম চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
সভার তারিখ ও সময় : ১২/০১/২০২৩, বেলা- ১০:০০ ঘটিকা।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক' এবং 'খ' তে দেখানো হয়েছে
সভার প্রারম্ভে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানানো হয়। সভাপতির অনুরোধক্রমে মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার সভার কা
পরিচালনা করেন। তিনি পূর্ববর্তী সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। এতে নিম্নরূপ সংশোধনীসহ তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। সংশোধনী
(১) উপজেলা প্রকৌশলী, দিরাই বলেন- বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)'র প্রকল্প বাছাই কমিটির রাজানগর মেইন রাস্তা নিধুর বাড়ি হতে জামালের বাড়ি রাস্তা পাক
করণ" নামে লিখা হয়েছে। যা প্রকৃত পক্ষে হওয়ার কথা ছিল "পুরাতন কর্ণগাঁও মেইন রাস্তা হতে প্রাইমারী স্কুল পর্যন্ত রাস্তা পাকা করণ" উক্ত প্রকল্পটি বাস্তবায়ন
পদ্ধতি এবং বরাদ্দ অপরিবর্তিত রেখে শুধুমাত্র নাম সংশোধনের জন্য অনুরোধ জানানো হয়। উপরোক্ত সংশোধনী বাস্তবায়নের লক্ষ্যে অনুমোদনের প্রস্তাব/সুপারি
করা হয়: উপরোক্ত সংশোধনী সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| (১) বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরণীর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>**সিদ্ধান্ত :** বিগত সভার কার্যবিবরণীর উপরোক্ত সংশোধনী সহ তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। | মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |
| (২) বিগত মাসের উপজেলা পরিষদের আয়-ব্যয়ের হিসাব পর্যালোচনা : | মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার দিরাই সভায় উপজেলা পরিষদের বিগত ডিসেম্বর/২০২২ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী দাখিল করেন। দাখিলকৃত হিসাব বিবরণী নিম্নরূপ: (নিচের সারণি দ্রষ্টব্য) | চেয়ারম্যান, উপজেলা পরিষদ দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |

| আয় | | | ব্যয় | | |
|---|---|---|---|---|---|
| ক্রঃনং | বিবরণ | টাকা | ক্রঃনং | বিবরণ | টাকা |
| ১ | পূর্ববর্তী মাসের জের | ৩৮,৫৭,২৩৩/৬০ | ১ | চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের ডিসেম্বর/২০২২ মাসের সম্মানী ও বাড়ি ভাড়া | ৯৯,০০০/- |
| ২ | বাসা ভাড়া বাবদ প্রাপ্য | ৫৭,৮৯০/ | ২ | অফিস সহায়কদ্বয়ের ও সুইপারের ডিসেম্বর/ ২০২২ মাসের বেতন | ৩৬,৩০০/- |
| ৩ | সাব-রেজিষ্ট্রার হতে ১% | ৭,৩০,৭৫৫/৯০ | ৩ | উপজেলা পরিষদের ডিসেম্বর/২০২২ মাসের আনুষাঙ্গিক বিল প্রদান | ৫,০০০/- |
| | | | ৪ | উপজেলা পরিষদের ডিসেম্বর/ ২০২২ মাসের আপ্যায়ন বিল প্রদান | ৩০,০০০/- |
| | | | ৫ | উপজেলা পরিষদের দাপ্তরিক কাজে ব্যবহৃত জীপগাড়ির জ্বালানী বিল প্রদান | ১৭,৪০২/- |
| | | | ৬ | জাতীয় যুব দিবস/২২ উদ্‌যাপন ব্যয় বিল প্রদান | ২০,০০০/ |
| | ডিসেম্বর/২২ মাসের আয়- | ৭,৮৮,৬৪৫/৯০ | | ডিসেম্বর/২২ মাসের মোট ব্যয়- | ২,০৭,৭০২/- |
| | সর্বমোট আয়- | ৪৬,৪৫,৮৭৯/৫০ | | সর্বমোট ব্যয়- | ২,০৭,৭০২/- |

সমাপনী স্থিতি- ৪৪,৩৮,১৭৭/৫০

উপস্থাপিত হিসাব বিবরণী অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভার দৃষ্টি আকর্ষন করেন। বিষয়টি সম্পর্কে সভায় বিস্তারিত আলেচনা করা হয়।

**সিদ্ধান্ত :** উপজেলা পরিষদের বিগত মাসের দাখিলকৃত আয়-ব্যয়ের হিসাব বিবরণী সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

Scanned With Scanner App Lite

| | | |
|---|---|---|
| স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দিরাই সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করা গেল না। তার দপ্তরের বিস্তারিত প্রতিবেদন সহ আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদনসহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দিরা |
| কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার, দিরাই তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন উপজেলা কৃষি অফিসের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি অফিসার, দিরা |
| প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, দিরাই তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন বর্তমানে গবাদি পশুর ক্ষুরা রোগের প্রাদুর্ভাব বেশি পরিলক্ষিত হচ্ছে। সরকারি ভাবে যে ভ্যাক্সিন সরবরাহ করা হয় তা প্রয়োজনের তুলনায় অপ্রতুল। কাজেই উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল হতে যদি গবাদি পশুর ভ্যাক্সিনেশন ক্যাম্প করা যায় তবে এলাকার অসহায় ও দরিদ্র মানুষের উপকার হবে। এছাড়াও তার দৈনন্দিন দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্ত দিরাই |
| মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, দিরাই তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন উপজেলা মৎস্য অফিসের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান তার অফিস কক্ষের দরজা-জানালা ভাঙ্গা মেরামত করা প্রয়োজন মর্মে সভাকে অবহিত করেন।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। এছারাও তার অফিস কক্ষের ভাঙ্গা দরজা-জানালা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে মেরামত করা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, দিরাইকে অনুরোধ জানানো হয়। | সিনিয়র উপজে মৎস্য কর্মকর্ত দিরাই/ উপজে প্রকৌশলী, দি |
| পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দিরাই সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করা গেল না। তার দপ্তরের বিস্তারিত প্রতিবেদন সহ আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদনসহ পরবর্তী সভায় আবশ্যিকভাবে উপস্থিত থাকার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, দিরাইকে অনুরোধ জানানো হয়। | উপজেলা পরি পরিকল্পনা ক দিরাই |
| উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী (এলজিইডি), দিরাই সভায় বলেন- চলতি ২০২২-২৩ অর্থ বছরের বাস্তবায়িত সকল প্রকল্প কার্যক্রম চলমান রয়েছে। তিনি জানান উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর আওতায় দিরাই উপজেলার বিভিন্ন মাধ্যমিক বিদ্যাল ও মাদ্রাসায় ওয়াশব্লক নির্মাণ কাজটি ঠিকাদারি প্রতিষ্ঠানগুলো কার্যাদেশের বিপরীতে যথাযথভাবে নির্মাণ করেছে এবং হস্তান্তর করেছে। চুক্তি মোতাবেক ও কাজ সম্পাদনের ভিত্তিতে উক্ত কাজের বিপরীতে ঠিকাদারি প্রতিষ্ঠান বিল দাখিল করেছেন। দাখিলকৃত বিল নিম্নরূপ- | উপজেলা প্রকৌশলী, |

| উপ-প্রকল্পের নম্বর | অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প প্রস্তাবনার বিবরণ | চুক্তিমূল্য (ভ্যাট ও আয়কর সহ) | ভ্যাট (৭.৫%) | আয়কর (৩%) | নীট পাওনা প্রদেও (ভ্যাট-আয়কর ব্যতিত) |
|---|---|---|---|---|---|
| INF-২০২০-২১-৬০৯০ ২৯-০১ | দিরাই উপজেলার বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসায় ওয়াশব্লক নির্মাণ। | ৪৪,০৯,১৬১/- | ৩,৩০,৬৮৭/- | ১,৩২,২৭৫/- | ৩৯,৪৬,১৯৯/- |

উপরোক্ত বিলের টাকা সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করেন। তিনি আরও বলেন বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) ও উপজেলা উন্নয়ন তহবিল হতে দিরাই-সুনামগঞ্জ আর.এইচ.ডি সড়ক হতে বাংলাদেশ সিভেল একাডেমীর গেইট পর্যন্ত সিসি রাস্তা নির্মাণ কাজের জন্য প্রাক্কলিত মূল্য- ৮.০০ লক্ষ টাকা ধরা হয়েছে। এছারাও উপজেলা পরিষদের মালিকানাধীন গণমিলনায়তন ভবনের পার্শ্বের ভবনটি জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন। কাজেই উক্ত ভবনটি জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন। উক্ত কাজে সর্বমোট- ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা ব্যয় হবে মর্মে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রাক্কলন দুটি সভায় অনুমোদন সহ



Scanned With Scanner App Lite

**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সমবায় অফিসার, দিরাই'কে অনুরোধ জানানো হয়।

**লা বিষয়ক বিভাগ**

উপজেলা মহিলা বিষয়ক অফিসার দিরাই অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় কোন আলোচনা করা গেল না।

**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত প্রতিবেদনসহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা মহিলা বিষয়ক অফিসার, দিরাই'কে অনুরোধ জানানো হয়।

উপজেলা মহিলা বিষয়ক অফিসার, দিরাই

**স্বাস্থ্য প্রকৌশল াগ**

উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দিরাই তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন উপজেলা জনস্বাস্থ্য বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দিরাই'কে অনুরোধ জানানো হয়।

উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দিরাই

**বিভাগ**

উপজেলা ফরেষ্টার/ডেপুটি রেঞ্জার, দিরাই অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় কোন আলোচনা করা গেল না।

**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত প্রতিবেদন সহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা মহিলা বিষয়ক অফিসার, দিরাই'কে অনুরোধ জানানো হয়।

উপজেলা ফরেষ্টার/ডেপুটি রেঞ্জার, দিরাই

**হকারী কমিশনার ূমি)**

সহকারী কমিশনার (ভূমি), দিরাই সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করেন। ভূমি উন্নয়ন কর অনলাইনে গ্রাহক ঘরে বসে পরিশোধ করতে পারছে এবং ডিসিআর ডাউনলোড করতে পারছে। এছাড়াও তিনি বলেন তাঁর বিভাগের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

সিদ্ধান্ত ঃ বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সহকারী কমিশনার (ভূমি), দিরাই'কে অনুরোধ জানানো হয়।

সহকারী কমিশনার (ভূমি)

**দ্য বিভাগ**

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক দিরাই তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন খাদ্য বিভাগের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বিভিন্ন তথ্য উপস্থাপন করেন:

(ক) অভ্যন্তরীণ খাদ্যশষ্য সংগ্রহের তথ্য ঃ

| ক্রনং | শষ্য | দর (প্রতি কেজি) | লক্ষ্যমাত্রা (মে:টন) | এ পর্যন্ত অর্জন (মে:টন) | চুক্তির পরিমাণ (মে:টন) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১ | আমন সংগ্রহ ২০২২-২৩ ধান | ২৮/- | ১১৬.০০০ | -- | -- | কৃষকের অ্যাপের মাধ্যমে আবেদনকৃত কৃষকদের মধ্যে লটারী সম্পন্ন করে বরাদ্দ আদেশ দেয়া হয়েছে। |
| ০২ | সিদ্ধ চাল | ৪২/- | ৬৩.০০০ | -- | এখনও চুক্তি হয়নি | |

(খ) দিরাই পৌরসভায় খোলা বাজারে চাল বিক্রয়ের তথ্য ঃ

| ক্রঃ নং | ডিলারের নাম | বিক্রয় কেন্দ্রের অবস্থান | পন্য | দৈনিক ডিলার প্রতি বরাদ্দের পরিমাণ (কেজি) | ক্রেতা প্রতি সর্বোচ্চ বরাদ্দ (কেজি) | দর (প্রতি কেজি) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | নিকুশ রায় | ইউ/পি রোড | চাল | ১০০০ | ৫কেজি | ৩০/- | |
| ০২ | প্রমল রায় | বাসষ্ট্যান্ড | চাল | ১০০০ | ৫কেজি | ৩০/- | |
| ০৩ | মোঃ রুহুল আমিন | হাইস্কুল রোড | চাল | ১০০০ | ৫কেজি | ৩০/- | |

(গ) খাদ্যবান্ধব কর্মসূচির ভোক্তার তালিকা ডিজিটাল ডাটাবেজে ভোক্তার তথ্য যাচাইয়ের অগ্রগতি (১২/০১/২৩)

| ক্রনং | ইউনিয়নের নাম | ভোক্তার সংখ্যা | এ পর্যন্ত যাচাইকৃত ভোক্তার সংখ্যা | অবশিষ্ট | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | রফিনগর | ৯৫৯ | ৮৪১ | ১১৮ | |
| ২. | ভাটিপাড়া | ৭৮৯ | ৭২৯ | ৬০ | |
| ৩. | রাজানগর | ৯৭৩ | ৭৯০ | ১৮৩ | |
| ৪. | চরনারচর | ১০৪৭ | ৯৯৪ | ৫৩ | |
| ৫. | দি:সরমঙ্গল | ৭৩৬ | ৭০৭ | ২৯ | |
| ৬. | করিমপুর | ৯৭৭ | ৮৮৬ | ৯১ | |
| ৭. | জগদল | ১১২৭ | ১০৯৪ | ৩৩ | |
| ৮. | তাড়ল | ৮২৬ | ৭৬৩ | ৬৩ | |
| ৯. | কুলঞ্জ | ১১৩৭ | ১০৩৯ | ৯৮ | |
| | মোট | ৮৫৭১ | ৭৮৪৩ | ৭২৮ | |

তিনি আরও জানান রাজানগর ইউ/পির ২০২জন ভোক্তার নাম অনলাইনে অর্ন্তভুক্ত করা যায় নাই। বিষটি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

উপজেলা খাদ্যনিয়ন্ত্রক, দি



Scanned With Scanner App Lite

| | | |
|---|---|---|
| | কাজটি জরুরী ভিত্তিতে বাস্তবায়নের জন্য টেন্ডার এর মাধ্যমে সিসি রাস্তা নির্মাণ এবং পি.আই.সি এর মাধ্যমে মেরামত করার জন্য সভায় অনুরোধ জানান। বিষয় গুলো নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>**সিদ্ধান্ত ঃ** উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর আওতায় বাস্তবায়িত প্রকল্পের প্রার্থীত বিল- বিধি মোতাবেক পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, দিরাই'কে সর্বসম্মতিক্রমে অনুরোধ জানান।<br><br>(২) বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) ও উপজেলা উন্নয়ন তহবিল হতে দিরাই-সুনামগঞ্জ আর.এইচ.ডি সড়ক হতে বাংলাদেশ ফিমেল একাডেমীর গেইট পর্যন্ত সিসি রাস্তা নির্মাণ কাজটি প্রাক্কলিত মূল্য- ৮.০০ লক্ষ টাকার মধ্যে রেখে বিধিমোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, দিরাইকে অনুরোধ জানানো হয়।<br><br>(৩) উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে "উপজেলা পরিষদের মালিকানাধীন গণমিলনায়তন ভবনের পার্শ্বের ভবনটি জরুরী ভিত্তিতে মেরামত" কাজের জন্য প্রস্তুতকৃত প্রাক্কলন এবং কাজে প্রাক্কলিত মূল্য- ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে জরুরী ভিত্তিতে পি.আই.সি এর মাধ্যমে কাজ করানোর জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। গঠিত পি.আই.সি পরিশিষ্ট 'গ'। | |
| ক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার, দিরাই সভায় সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করা গেল না। তার দপ্তরের বিস্তারিত প্রতিবেদন সহ আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদনসহ পরবর্তী সভায় আবশ্যিকভাবে উপস্থিত থাকার জন্য উপজেলা শিক্ষা অফিসার'কে অনুরোধ জানানো হয়। | উপজেলা শিক্ষা অফিসার, দিরা |
| মাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, দিরাই এর প্রতিনিধি সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন তাঁর বিভাগের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। এছাড়াও প্রতিবন্ধী ভাতা প্রদানের জন্য তালিকা প্রণয়নের জন্য অনলাইনে আবেদন আহবান করা হচ্ছে।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, দিরা সংশ্লিষ্ট সকল |
| াধ্যমিক শিক্ষা বভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার দিরাই সভায় সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন তাঁর বিভাগের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার'কে অনুরোধ জানানো হয়। | উপজেলা মাধ্য শিক্ষা অফিসার দিরাই |
| ল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা দিরাই, সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করা গেল না। পরবর্তী সভায় বিস্তারিত প্রতিবেদনসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ জাননো হয়।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদন সহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসা দিরাই |
| ব উন্নয়ন বিভাগ | সহকারী উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করেন। তিনি জানান দেশের বেকার যুবদের কর্মসংস্থান এবং আত্মকর্মসংস্থানের লক্ষ্যে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয় কর্তৃক আয়োজিত অনাবাসিক প্রশিক্ষণ কোর্সে ভর্তিকৃত যুবদের প্রশিক্ষণ সুষ্ঠুভাবে চলছে। এছাড়াও তার দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা যুব উন্নয়ন অফিসার, দিরাই'কে অনুরোধ জানানো হয়। | উপজেলা যুব অফিসার, দির |
| কল্প স্তবায়ন ভাগ | উপজেলা প্রকল্পবাস্তবায়ন কর্মকর্তা, দিরাই সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন জিআর চাউল বিতরণের মাস্টারোল এবং শীত বস্ত্র বিতরণের মাস্টারোল দ্রুত প্রদানের জন্য অনুরোধ জানান। শীত বস্ত্র বিতরণে ৬০ উর্ধ্ব ব্যক্তিদের প্রাধান্য দেয়ার জন্য অনুরোধ জানান। এছাড়াও তার অফিসের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br><br>**সিদ্ধান্ত ঃ** জিআর চাউল বিতরণের মাস্টারোল এবং শীত বস্ত্র বিতরণের মাস্টারোল দ্রুত প্রদানের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। এছারা বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, দিরাই'কে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রক বাস্তবায়ন অফি দিরাই |
| মবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার, দিরাই সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন উপজেলা সমবায় বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠু ভাবে চলছে। | উপজেলা সম অফিসার, দি |



Scanned With Scanner App Lite

| | | |
|---|---|---|
| | **সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতঃ দ্রুত সময়ের মধ্যে খাদ্যবান্ধব কর্মসূচির ভোক্তার তালিকা ডিজিটাল ডাটাবেজে সম্পন্ন করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, দিরাইকে অনুরোধ জানানো হয়। সেই সাথে রাজানগর ইউনিয়নে বাদ পড়াদের যদি কোন সুযোগ থাকে তাদের তালিকায় অন্তর্ভূক্ত করার জন্য অনুরোধ জানানো হয়। | |
| বিএডিসি (সেচ) | সহকারী প্রকৌশলী, বিএডিসি (সেচ), দিরাই সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করা গেল না। পরবর্তী সভায় বিস্তারিত প্রতিবেদন সহ উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদন সহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য সহকারী প্রকৌশলী বিএডিসি (সেচ), দিরাই'কে অনুরোধ জানানো হয়। | সহকারী প্রকৌশলী বিএডিসি (সেচ) দিরাই |
| বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | উপসহকারী প্রকৌশলী ও শাখা কর্মকর্তা, দিরাই অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় কোন আলোচনা করা গেল না। বিস্তারিত প্রতিবেদন সহ আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত প্রতিবেদনসহ পরবর্তী সভায় আবশ্যিকভাবে উপস্থিত থাকার জন্য উপসহকারী প্রকৌশলী ও শাখা কর্মকর্তা, দিরাই'কে অনুরোধ জানানো হয়। | উপসহকারী প্রকৌশলী ও শাখা কর্মকর্তা, দিরাই |
| তথ্যসেবা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) | (ক) তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়), তথ্যকেন্দ্র দিরাই তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন উপজেলা জনস্বাস্থ্য বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তথ্যসেবা কর্মকর্তা, দিরাই'কে অনুরোধ করা হয়। | তথ্যসেবা কর্মক[র্তা] তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়), তথ্যকেন্দ্র দিরাই |
| বিবিধ ঃ | (ক) মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার দিরাই সভায় মহান বিজয় দিবস ২০২২ উদযাপন উপলক্ষে সরকারি যে বরাদ্দ পাওয়া যায় তা প্রয়োজনের তোলনায় অপ্রতুল। কাজেই উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে আর্থিক অনুদান হিসেবে ২৫,০০০/- (পচিশ হাজার) টাকা বরাদ্দ প্রদানের জন্য সভায় অনুরোধ জানান।<br><br>**সিদ্ধান্ত ঃ** মহান বিজয় দিবস ২০২২ উদযাপনের লক্ষে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে আর্থিক অনুদান হিসেবে ২৫,০০০/- (পচিশ হাজার) টাকা বরাদ্দ প্রদানের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজে[লা] পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মক[র্তা] ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |
| | (খ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সভায় জানান উপজেলা পরিষদের দাপ্তরিক চিঠিপত্র ডাকযোগে প্রেরনের নিমিত্ত জেলা ট্রেজারী সুনামগঞ্জ হতে ২,০০০/- (দুই হাজার) টাকার সার্ভিস ষ্টাম্প উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে উত্তোলনের জন্য সভায় অনুরোধ জানান।<br><br>**সিদ্ধান্ত ঃ** উপজেলা পরিষদের দাপ্তরিক চিঠিপত্র ডাকযোগে প্রেরনের নিমিত্ত উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে-২,০০০/- (দুই হাজার) টাকার সার্ভিস ষ্টাম্প ক্রয় করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজে[লা] পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মক[র্তা] ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |
| | (গ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই সভায় জানান ২০২২ সনের বন্যায় দিরাই উপজেলার সবকটি ইউনিয়নের গ্রামীণ রাস্তা গুলো ভেঙ্গে গিয়ে মানুষ এবং যানবাহন চলাচলের অনুপযোগি হয়ে পড়েছে। এছাড়াও সুপিয় পানিসহ প্রায় সকল প্রকার উন্নয়ন কাজ বিনষ্ট হয়েছে। উপরোক্ত কারনাদি বর্ণনা করে অনুন্নত উপজেলা হিসেবে দিরাই উপজেলাতে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর বিশেষ বরাদ্দ চাহিদা উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, দিরাই কে অনুরোধ জানানো হয়। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>**সিদ্ধান্ত ঃ** দিরাই উপজেলা একটি অনুন্নত উপজেলা হিসেবে ২০২২ সনের বন্যায় ক্ষতিগ্রস্ত গ্রামীণ রাস্তা-ঘাট সহ অন্যান্য উন্নয়ন কাজ করা জন্য চলতি অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর বিশেষ বরাদ্দ হিসেবে ১.০০ (এক) কোটি টাকার চাহিদাপত্র উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, দিরাই কে অনুরোধ জানানো হয়। | চেয়ারম্যান, উপজে[লা] পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মক[র্তা] ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই, উপজেলা প্রকৌ[শলী] দিরাই |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ মঞ্জুর আলম চৌধুরী)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, দিরাই
সুনামগঞ্জ।

Scanned With Scanner App Lite

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

তারিখ : ১২/০১/২০২৩

স্মারক নং- ০৫.৬০.৯০২৯.০০০.১০.০০১.১২-০২(৫০)

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো :

০১। মাননীয় সংসদ সদস্য, সুনামগঞ্জ-২।
০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
০৪। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
০৫। উপপরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ।
০৬। মেয়র, দিরাই পৌরসভা।
০৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই, সুনামগঞ্জ।
০৮। উপজেলা ------------------------------------------------------------ অফিসার (সংশ্লিষ্ট সকল), দিরাই।
০৯। চেয়ারম্যান------------------------------------------------------------ ইউ/পি (সকল), দিরাই।
১০। অফিস নথি/মাস্টার ফাইল।

১২.০১.

(জনি রায়)
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, দিরাই
ও
উপজেলা নির্বাহী অফিসার (অ.দা)
দিরাই, সুনামগঞ্জ।

| পরিশিষ্ট "ক" | |
|---|---|
| সভায় উপস্থিত সদস্যগণের তালিকা (জ্যাষ্ঠতারক্রমানুসারে নয়) | সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) |
| ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই। | ০১। উপজেলা নির্বাহী অফিসার, দিরাই, সুনামগঞ্জ। |
| ০২। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই | ০২। সহকারী কমিশনার (ভূমি), দিরাই, সুনামগঞ্জ (কো-অপ্টকৃত কর্মকর্তা)। |
| ০৩। চেয়ারম্যান, রফিনগর ইউ/পি, দিরাই। | ০৩। উপ সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দিরাই, সুনামগঞ্জ। |
| ০৪। চেয়ারম্যান, ভাটিপাড়া ইউ/পি, দিরাই। | ০৪। সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, দিরাই, সুনামগঞ্জ। |
| ০৫। চেয়ারম্যান, রাজানগর ইউ/পি, দিরাই। | ০৫। উপজেলা প্রকৌশলী, দিরাই, সুনামগঞ্জ। |
| ০৬। চেয়ারম্যান, দিরাই সরমঙ্গল ইউ/পি, দিরাই। | ০৬। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, দিরাই, সুনামগঞ্জ (কো-অপ্টকৃত কর্মকর্তা)। |
| ০৭। চেয়ারম্যান, জগদল ইউ/পি, দিরাই। | ০৭। উপজেলা কৃষি অফিসার, দিরাই, সুনামগঞ্জ। |
| ০৮। চেয়ারম্যান, তাড়ল ইউ/পি, দিরাই। | ০৮। উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, দিরাই, সুনামগঞ্জ। |
| ০৯। সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, দিরাই। | ০৯। উপজেলা প্রাণিসম্পদ অফিসার, দিরাই, সুনামগঞ্জ। |
| | ১০। উপজেলা সমাজসেবা অফিসার, দিরাই, সুনামগঞ্জ। |
| | ১১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দিরাই, সুনামগঞ্জ। |
| | ১২। উপজেলা যুব উন্নয়ন অফিসার, দিরাই, সুনামগঞ্জ। |
| | ১৩। উপজেলা সমবায় অফিসার, দিরাই, সুনামগঞ্জ। |
| | ১৪। তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প, দিরাই, সুনামগঞ্জ (কো-অপ্টকৃত কর্মকর্তা |

| পরিশিষ্ট "খ" | |
|---|---|
| সভায় অনুপস্থিত সদস্যগণের তালিকা (জ্যাষ্ঠতারক্রমানুসারে নয়) | সভায় অনুপস্থিত কর্মকর্তাগণের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) |
| ০১। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই। | ০১। উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা, দিরাই |
| ০২। মেয়র, দিরাই পৌরসভা। | ০২। উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, দিরাই, সুনামগঞ্জ। |
| ০৩। চেয়ারম্যান, চরনারচর ইউ/পি, দিরাই। | ০৩। ফরেস্টার/ডেপুটি রেঞ্জ অফিসার, দিরাই |
| ০৪। চেয়ারম্যান, করিমপুর ইউ/পি, দিরাই। | ০৪। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, দিরাই, সুনামগঞ্জ। |
| ০৫। চেয়ারম্যান, কুলঞ্জ ইউ/পি, দিরাই। | ০৫। উপজেলা শিক্ষা অফিসার, দিরাই, সুনামগঞ্জ। |
| | ০৬। উপসহকারী প্রকৌশলী (বাপাউবো) ও শাখা কর্মকর্তা, দিরাই। |
| | ০৭। উপজেলা মহিলা বিষয়ক অফিসার, দিরাই, সুনামগঞ্জ। |
| | ০৮। উপ-সহকারী প্রকৌশলী (ক্ষুদ্রসেচ) বিএডিসি, দিরাই, সুনামগঞ্জ (কো-অপ্টকৃত কর্মকর্তা) |



Scanned With Scanner App Lite

Scanned With Scanner App Lite

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
দিরাই উপজেলা পরিষদ
সুনামগঞ্জ জেলা।

মার্চ/২০২৩ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের সাধারণ সভার কার্যবিবরণী (৪৬ তম সভা)

সভাপতি : জনাব মোঃ মঞ্জুর আলম চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
সভার তারিখ ও সময় : ০৯/০৩/২০২৩, বেলা- ১০:০০ ঘটিকা।

সভার প্রারম্ভে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানানো হয়। সভাপতির অনুরোধক্রমে মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার সভার কাজ পরিচালনা করেন। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| (১) বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরণীর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>**সিদ্ধান্ত :** বিগত সভার কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। | মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |
| (২) বিগত মাসের উপজেলা পরিষদের আয়-ব্যয়ের হিসাব পর্যালোচনা : | মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার দিরাই সভায় উপজেলা পরিষদের বিগত ফেব্রুয়ারি/২০২৩ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী দাখিল করেন। দাখিলকৃত হিসাব বিবরণী নিম্নরূপ: | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |

| আয় | | | ব্যয় | | |
|---|---|---|---|---|---|
| ক্রঃনং | বিবরণ | টাকা | ক্রঃনং | বিবরণ | টাকা |
| ১ | পূর্ববর্তী মাসের জের | ৪৮,৯১,৩৩৮/৮০ | ১ | চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের ফেব্রুয়ারি/২০২৩ মাসের সম্মানী ও বাড়ি ভাড়া | ৯৯,০০০/ |
| ২ | বাসা ভাড়া বাবদ প্রাপ্য | ৫৪,৯৩৭/- | ২ | অফিস সহায়কদ্বয়ের ও সুইপারের ফেব্রুয়ারি/২০২৩ মাসের বেতন | ৩৭,৯৫০/- |
| ৩ | সাব-রেজিস্ট্রার হতে ১% | ৭,১৪,৭২৭/২৫ | ৩ | উপজেলা পরিষদের ফেব্রুয়ারি/২০২৩ মাসের আনুষাঙ্গিক বিল প্রদান | ৫,০০০/- |
| | | | ৪ | উপজেলা পরিষদের ফেব্রুয়ারি/২০২৩ মাসের আপ্যায়ন বিল প্রদান | ৩০,০০০/- |
| | | | ৫ | উপজেলা পরিষদের দাপ্তরিক কাজে ব্যবহৃত সার্টিফিকেট ক্রয়ের বিল প্রদান | ২,০০০/- |
| | | | ৬ | উপজেলা পরিষদের মালিকানাধীন গণমিলনায়তনের পার্শ্বের ভবন মেরামত কাজের চূড়ান্ত বিল প্রদান | ১,৫০,০০০/- |
| | | | ৭ | উপজেলা পরিষদের অফিস মেরামত বিল প্রদান | ১,৫১০/- |
| | | | ৮ | মহান বিজয় দিবস/২০২২ উদযাপন বিল প্রদান | ২৫,০০০/- |
| | ফেব্রুয়ারি/২৩ মাসের আয়- | ৭,৬৯,৬৬৪/২৫ | | ফেব্রুয়ারি/২৩ মাসের মোট ব্যয়- | ৩,৫০,৪৬০/- |
| | সর্বমোট আয়- | ৫৬,৬১,০০৩/০৫ | | সর্বমোট ব্যয়- | ৩,৫০,৪৬০/- |

সমাপনী স্থিতি- ৫৩,১০,৫৪৩/০৫

উপস্থাপিত হিসাব বিবরণী অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভার দৃষ্টি আকর্ষণ করেন। বিষয়টি সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

Scanned With Scanner App Lite

'শেখ হাসিনার মূলনীতি গ্রাম শহরের উন্নতি'

| | | |
|---|---|---|
| | **সিদ্ধান্ত :** উপজেলা পরিষদের বিগত মাসের দাখিলকৃত আয়-ব্যয়ের হিসাব বিবরণী সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | |
| স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দিরাই সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করা গেল না। তার দপ্তরের বিস্তারিত প্রতিবেদন সহ আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।<br>**সিদ্ধান্ত :** বিভাগীয় কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদনসহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দিরাই |
| কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার, দিরাই তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন উপজেলা কৃষি অফিসের দৈনন্দিন কর্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>**সিদ্ধান্ত :** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা কৃষি অফিসার 'কে অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি অফিসার, দিরাই |
| প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, দিরাই অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করা গেল না। তার দপ্তরের বিস্তারিত প্রতিবেদন সহ আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।<br>**সিদ্ধান্ত :** বিভাগীয় কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদনসহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা দিরাই |
| মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, দিরাই তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন অত্র উপজেলায় অবস্থিত সকল মৎস্য চাষিরা যেন সরকারি হ্যাচারি থেকে মাছের পোনা ও রেনু সরবরাহ করে সেই দিকে উদ্বুদ্ধ করার জন্য সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের অনুরোধ জানান বিষয়টি বহুল প্রচারের জন্য। এছাড়াও হাওরের বিষ প্রয়োগ করে এবং পানি শুকিয়ে মাছ ধরার কারণে জীববৈচিত্র নষ্টের সাথে কৃষি জমিতে প্রভাব ফেলছে। কেউ যেন বিষ প্রয়োগ করে এবং পানি শুকিয়ে মাছ না ধরে সেই দিকে সজাগ দৃষ্টি রাখার জন্য সকল ইউ/পি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। যদি কেউ বিষ প্রয়োগ করে এবং পানি শুকিয়ে মাছ মারে তাহলে তার বিরোদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সভাকে অবগত করেন। এছাড়া উপজেলা মৎস্য অফিসের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>**সিদ্ধান্ত :** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। সেই সাথে কেউ যেন বিষ প্রয়োগকরে এবং পানি শুকিয়ে মাছ না ধরে সেই দিকে সজাগ দৃষ্টি রাখার জন্য সকল ইউ/পি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, দিরাই/ উপজেলা প্রকৌশলী, দিরাই |
| পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দিরাই সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করা গেল না। তার দপ্তরের বিস্তারিত প্রতিবেদন সহ আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।<br>**সিদ্ধান্ত :** বিভাগীয় কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদনসহ পরবর্তী সভায় আবশ্যিকভাবে উপস্থিত থাকার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, দিরাই'কে অনুরোধ জানানো হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা দিরাই |
| উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী (এলজিইডি), দিরাই সভায় বলেন- চলতি ২০২২-২৩ অর্থ বছরের বাস্তবায়িত সকল প্রকল্প কার্যক্রম চলমান রয়েছে। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই সভার দৃষ্টি আকর্ষণ করে চেয়ারম্যান, রাজানগর ইউনিয়ন পরিষদ এর আবেদন খানা সভায় পাঠ করে শুনান। আবেদন দৃষ্টে দেখাযায় তিনি চলতি অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর মাধ্যমে বাস্তবায়িত প্রকল্পের তালিকায় জনাব হাবুল দাস, পিতা- লাল মোহন দাস, সাং- রাজানগর এর বাড়িতে একটি নলকূপ স্থাপনের জন্য প্রকল্প গ্রহণ করা হয়। কিন্তু তার বাড়িতে জায়গা না থাকায় নির্ধারিত স্থানে নলকূপ স্থাপন করা সম্ভব হচ্ছে না। কাজেই জনস্বার্থে স্থান পরিবর্তনক্রমে জনাব বিমল দাস, পিতা- মৃত বিনদ দাস, সাং- রাজানগর এর বাড়িতে নলকূপটি স্থাপনের জন্য অনুরোধ জানিয়েছেন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>**সিদ্ধান্ত :** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা প্রকৌশলী'কে অনুরোধ জানানো হয়। সেই সাথে জনাব হাবুল দাস, পিতা- লাল মোহন দাস, সাং- রাজানগর এর বাড়িতে একটি নলকূপ স্থাপনের পরিবর্তে জনাব বিমল দাস, পিতা- বিনদ দাস, সাং- রাজানগর এর বাড়িতে নলকূপটি স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী, দিরাই |
| শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার, দিরাই সভায় সভায় সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করা গেল না। তার দপ্তরের বিস্তারিত প্রতিবেদন সহ আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।<br>**সিদ্ধান্ত :** বিভাগীয় কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদনসহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, দিরাই |



Scanned With Scanner App Lite

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

| | | |
|---|---|---|
| সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, দিরাই সভায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করেন। তিনি জানান প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি ০৩টি কোটা বাকি আছে তাতে আগ্রহী প্রতিবন্ধীদের আবেদন করার জন্য অনুরোধ জানান। এছাড়াও তাঁর দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, দিরাই |
| মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার দিরাই সভায় সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। এছাড়া তাঁর বিভাগের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দিরাই |
| পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা দিরাই, সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করা গেল না। পরবর্তী সভায় বিস্তারিত প্রতিবেদনসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ জাননো হয়।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদন সহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, দিরাই |
| যুব উন্নয়ন বিভাগ | সহকারী উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করা গেল না। পরবর্তী সভায় বিস্তারিত প্রতিবেদনসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ জাননো হয়।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদন সহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা যুব উন্নয়ন অফিসার, দিরাই'কে অনুরোধ জানানো হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, দিরাই |
| প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্পবাস্তবায়ন কর্মকর্তা, দিরাই সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন দলুয়া গ্রামের ০৫টি পরিবার অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ হয়। ক্ষতিগ্রস্থদের তাৎক্ষনিক ভাবে ৫০০০/- করে মোট ২৫,০০০/- (পচিশ হাজার) টাকা প্রদান করা হয়েছে। উক্ত ২৫,০০০/- (পচিশ হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধ করার জন্য সভায় অনুরোধ জানান। এছাড়াও তার অফিসের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br><br>**সিদ্ধান্ত ঃ** বরাদ্দ থাকা স্বাপেক্ষে দলুয়া গ্রামের ০৫টি পরিবার অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থদের প্রদেয়- ২৫,০০০/- (পচিশ হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধ করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, দিরাই'কে অনুরোধ জানানো হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ, দিরাই/ উপজেলা নির্বাহী অফিসার, দিরাই/ উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, দিরাই |
| সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার, দিরাই সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন উপজেলা সমবায় বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সমবায় অফিসার, দিরাই'কে অনুরোধ জানানো হয়। | উপজেলা সমবায় অফিসার, দিরাই |
| মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক অফিসার দিরাই সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করা গেল না। পরবর্তী সভায় বিস্তারিত প্রতিবেদনসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদন সহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা মহিলা বিষয়ক অফিসার, দিরাই'কে অনুরোধ জানানো হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, দিরাই |
| জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দিরাই সভায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করেন। তিনি জানান তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দিরাই'কে অনুরোধ জানানো হয়। | উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দিরাই |
| বন বিভাগ | উপজেলা ফরেষ্টার/ডেপুটি রেঞ্জার, দিরাই অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় কোন আলোচনা করা গেল না।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত প্রতিবেদন সহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা মহিলা বিষয়ক অফিসার, দিরাই'কে অনুরোধ জানানো হয়। | উপজেলা ফরেষ্টার/ডেপুটি রেঞ্জার, দিরাই |
| সহকারী কমিশনার (ভূমি) | সহকারী কমিশনার (ভূমি), দিরাই সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করেন। তিনি জানান তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সহকারী কমিশনার (ভূমি), দিরাই'কে অনুরোধ জানানো হয়। | সহকারী কমিশনার (ভূমি) |

Scanned With Scanner App Lite

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

**খাদ্য বিভাগ**

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক দিরাই তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন খাদ্য বিভাগের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বিভিন্ন তথ্য উপস্থাপন করেন:

(ক) মজুদ খাদ্যশস্যের তথ্য ঃ

| ক্রমিক নং | গুদাম সংখ্যা | সর্বমোট ধারণ ক্ষমতা (মেট্রিক) | অদ্য ০৯/০৩/২০২৩ তারিখে মজুদ খাদ্যশস্যের পরিমাণ (মেট্রিক) | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | | চাল | ধান | গম | |
| ০১ | ৩ | ১৫০০.০০ | ১৩২৫.৮২৪ | ০০ | ৫.০০০ | |

(খ) দিরাই পৌরসভায় খোলা বাজারে চাল বিক্রয়ের তথ্য ঃ

| ক্রম নং | ডিলারের নাম | বিক্রয় কেন্দ্রের অবস্থান | পণ্য | দৈনিক ডিলার প্রতি বরাদ্দের পরিমাণ (কেজি) | ক্রেতা প্রতি সর্বোচ্চ বরাদ্দ (কেজি) | দর (প্রতি কেজি) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | নিকুঞ্জ রায় | ইউ/পি রোড | চাল | ১০০০ | ৫কেজি | ৩০/- | |
| ০২ | প্রবল রায় | বাসষ্ট্যান্ড | চাল | ১০০০ | ৫কেজি | ৩০/- | |
| ০৩ | মোঃ রুহুল আমিন | হাইস্কুল রোড | চাল | ১০০০ | ৫কেজি | ৩০/- | |

(গ) খাদ্যবান্ধব কর্মসূচির ভোক্তার তালিকা ডিজিটাল ডাটাবেজে ভোক্তার তথ্য যাচাইয়ের অগ্রগতি (০৯/০২/২৩)

| উপজেলার মোট ভোক্তা | ইউডিসি যাচাইকৃত | ইউডিসি অযাচাইকৃত | ইউসিএফ অনুমোদিত | তালিকায় আছে | ইউসিএফ ফেরত | ইউসিএফ বাতিল | ইউসিএফ অযাচাই | নতুন আপলোড যোগ্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ৮৫৭১ | ৭৮৪৩ | ৭২৮ | ৭৭০৮ | ৯৩ | ১২ | ০০ | ০০ | ৮৩৩ |

বিষটি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, দিরাইকে অনুরোধ জানানো হয়।

উপজেলা খাদ্যনিয়ন্ত্রক, দিরাই

**বিএডিসি (সেচ)**

সহকারী প্রকৌশলী, বিএডিসি (সেচ), দিরাই সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করা গেল না। পরবর্তী সভায় বিস্তারিত প্রতিবেদন সহ উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।

**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদনসহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য সহকারী প্রকৌশলী বিএডিসি (সেচ), দিরাই'কে অনুরোধ জানানো হয়।

সহকারী প্রকৌশলী, বিএডিসি (সেচ) দিরাই

**বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড**

উপসহকারী প্রকৌশলী ও শাখা কর্মকর্তা, দিরাই অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করা গেল না। পরবর্তী সভায় বিস্তারিত প্রতিবেদন সহ উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।

**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদনসহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য উপসহকারী প্রকৌশলী ও শাখা কর্মকর্তা, দিরাই'কে অনুরোধ জানানো হয়।

উপসহকারী প্রকৌশলী ও শাখা কর্মকর্তা, দিরাই

**তথ্যসেবা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়)**

(ক) তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়), তথ্যকেন্দ্র দিরাই অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করা গেল না। পরবর্তী সভায় বিস্তারিত প্রতিবেদন সহ উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।

**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদন সহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য তথ্যসেবা কর্মকর্তা, দিরাই'কে অনুরোধ করা হয়।

তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়), তথ্যকেন্দ্র দিরাই

**বিবিধ ঃ**

